

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
শ্রীবরদী, শেরপুর।  
[www.Sreebordi.sherpur.gov.bd](http://www.Sreebordi.sherpur.gov.bd)



স্মারক নং-০৫.৪৫.৮৯৯০.০০২.১৭.০১০.১৭- ১৩

তারিখঃ-০৭ জানুয়ারী/২০২১ খ্রী:।

**উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে দোকান ভাড়া বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ১ম ও ২য় তলার কক্ষসমূহ দোকান হিসাবে ভাড়া দেয়ার নিমিত্ত সীলমোহরকৃত খামে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

০১	আবেদন ফরম বিক্রয়ের বিতরণের তারিখ, সময়, স্থান	১২/০১/২০২০ইং হতে ৩১/০১/২০২১ ইং (অফিস চলাকালীন সময়) উপজেলা প্রকৌশলীর কার্যালয়, শ্রীবরদী, শেরপুর।
০২	আবেদন ফরম জমাদানের তারিখ, সময়, স্থান	০১/০২/২০২১ ইং(দুপুর ২:০০ ঘটিকা) উপজেলা প্রকৌশলীর কার্যালয়, শ্রীবরদী, শেরপুর।
০৩	আবেদন ফরম জমাকৃত বাক্স খোলার তারিখ, সময়, স্থান	০১/০২/২০২১ ইং(দুপুর ৩:০০ ঘটিকা) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীবরদী, শেরপুর।
০৪	দোকান ভাড়ার সময়সীমা	বরাদ্দ প্রদানের তারিখ হতে ০১ (এক) বছর।
০৫	দোকান ভাড়ার পরিমাণ ও জামানত	১ম তলার দোকান প্রতি ন্যূনতম ভাড়া ৩০০০/ - (তিন হাজার) টাকা এবং জামানত ২০০,০০০/- (দুই লক্ষ) টাকা ২য় তলার দোকান প্রতি ন্যূনতম ভাড়া ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা জামানত ২০০,০০০/- (দুই লক্ষ)
০৬	আবেদনের মূল্য	৩০০/- (অফেরতযোগ্য)

**শর্তাবলীঃ-**

- আবেদনপত্রের সাথে ০১টি (এক) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি, হালনাগাদ-আয়কর রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি (যদিথাকে), হালনাগাদ মূল্য সংযোজন কর (ভ্যাট) রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি (যদিথাকে) এবং ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটের মূল কপি জমা দিতে হবে (যদিথাকে)।
- যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার ও আহবায়ক, উপজেলার মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি, শ্রীবরদী, শেরপুর-এর অনুকূলে জামানতের টাকা আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।
- প্রতি বছর কর্তৃপক্ষ ভাড়া জামানত পুনঃনির্ধারণ করবেন।
- বরাদ্দকৃত দোকানে আইন বিরোধী, রাষ্ট্র বিরোধী ও মুক্তিযুদ্ধ বিরোধী কোন কার্যক্রম করা যাবে না।
- স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিরোধী ব্যক্তি/পরিবারের কেউ দোকান ভাড়া নিতে পারবে না।
- ০১টি (এক) আবেদন ফরমে শুধুমাত্র ০১টি (এক) দোকান ভাড়া নেয়ার জন্য আবেদন করা যাবে।
- কর্তৃপক্ষ হতে সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বা দাখিলকৃত কোন কাগজ ভুয়া/জাল পাওয়া গেলে অথবা আবেদনের শর্তসমূহ পূরণ করতে অপারগ হলে আবেদন সরাসরি বাতিল বলে গন্য করা হবে।
- প্রয়োজন মোতাবেক কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত পরিবর্তন, সংশোধন, বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- প্রতিটি দোকানের বিপরীতে সর্বোচ্চ দাখিলকৃত দরদাতাকে অগ্রাধিকার ভিত্তিতে দোকান বরাদ্দ দেয়া হবে। এক্ষেত্রে, সর্বোচ্চ দরদাতা একাধিক হলে, লটারীর মাধ্যমে তাদের অগ্রাধিকার নির্বাচন করা হবে।
- প্রতি মাসের ১০ (দশ) তারিখের মধ্যে ভাড়া পরিশোধ করতে হবে। পর পর ০৩ (তিন) মাস ভাড়া প্রদানে ব্যর্থ হলে, কোন কারন দর্শানো ছাড়াই বরাদ্দ বাতিল এবং জামানত বাজেয়াপ্ত করা হবে।
- বিদ্যুৎ বিল ও উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি দ্বারা নির্ধারিত অন্যান্য ইউটিলিটি বিল স্ব স্ব দোকান বরাদ্দ গ্রহণকারীকে পরিশোধ করতে হবে।

নিলুফা আক্তার

উপজেলা নির্বাহী অফিসার  
শ্রীবরদী, শেরপুর।

ও

আহবায়ক

উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন  
পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি